
দৈনিক ইত্তেফাক

MAY 04 2002

তারিখ ... ... ... ... ... ...
পৃষ্ঠা ১৬ কলাম ৬

# একটি পাঠাগার সমাচার

মির্জাপুর (টাঙ্গাইল) থেকে সংবাদদাতা ঃ অযত্ন আর অবহেলার কারণে মির্জাপুর উপজেলার পাবলিক লাইব্রেরীটির জীর্ণদশা। সংস্কারের কোন উদ্যোগ দীর্ঘদিনেও গ্রহণ না করায় লাইব্রেরীটি এখন পরিত্যক্ত অবস্থায় রয়েছে। যে কোন সময় ভবনটি ধসে পড়ার আশংকা আছে। এই ঝুঁকিপূর্ণ ভবনের মধ্যে বাস করছে কতিপয় সুইপার। অডিটোরিয়ামটি চালু না থাকায় মির্জাপুরে সাংস্কৃতিক অনুষ্ঠানের তেমন কোন উপযুক্ত স্থান নেই। উপজেলা এলজিইডি অফিস সূত্রে জানা যায়, ১৯৭৯-৮০ সালে প্রায় ১০ লাখ টাকা ব্যয়ে মির্জাপুর বাইমহাটি এলাকায় পাবলিক লাইব্রেরী ভবন নির্মাণ করা হয়। ভবনটিতে কিছুদিন এলাকার সাংস্কৃতিক অনুষ্ঠান এবং সরকারী অনুষ্ঠানমালা করা হত। কিন্তু ভবনটি অতি নিম্নমানের তৈরী হওয়ায় প্রয়োজনীয় পৃষ্ঠপোষকতার অভাবে ভবনটি অল্প অল্প ধসে পড়তে শুরু করে এবং বর্তমানে খুবই ঝুঁকিপূর্ণ অবস্থায় রয়েছে। একটি দরজা-জানালাও নেই এবং চতুর্দিক ও ছাদ দিয়ে পানি পড়ে ভবনটি জরাজীর্ণ অবস্থায় রয়েছে। এই ঝুঁকিপূর্ণ ভবনেই বাস করছে বহু সুইপার। সাংস্কৃতিক পরিবেশ না পেয়ে মির্জাপুরের যুব সমাজ দিন দিন হতাশা ও নেশাগ্রস্তসহ অসামাজিক কার্যকলাপে লিপ্ত হচ্ছে। সচেতনমহল সংশ্লিষ্ট কর্তৃপক্ষের নিকট দাবি জানিয়েছে মির্জাপুরের পাবলিক লাইব্রেরীটি জরুরী ভিত্তিতে মেরামতের জন্য।



*মির্জাপুরঃ জীর্ণদশাগ্রস্ত মির্জাপুর পাবলিক লাইব্রেরী —ইত্তেফাক*